গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, গাজীপুর
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
www.gazipur.gov.bd

নম্বর-০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৬.২৫-১৫৫

তারিখ : ০৫ মাঘ ১৪৩২
১৯ জানুয়ারি ২০২৬

## ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র জমা, বহন ও প্রদর্শন না করা সংক্রান্ত গণ বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনার লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজনৈতিক-৪ শাখার ১৮ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩ নং স্মারকের প্রজ্ঞাপনমূলে আগামী ৩১ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে স্থগিতকৃত/লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসমূহ লাইসেন্সধারীর (স্থায়ী/বর্তমান) ঠিকানার নিকটস্থ থানায়/বৈধ ডিলারের নিকট লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন।

২। আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত গাজীপুর জেলার অধিক্ষেত্রে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন সম্পূর্ণরূপে নিষিদ্ধ ঘোষণা করা হলো।

৩। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। তবে এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যথা:

(ক) আইনশৃঙ্খলা রক্ষার সাথে সম্পৃক্ত সকল শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য;

(খ) বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

৫। রাজনৈতিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থীদের অনুকূলে 'আগ্নেয়াস্ত্র লাইসেন্স ও রিটেইনার নিয়োগ নীতিমালা, ২০২৫' অনুযায়ী নির্বাচন কমিশনে বৈধভাবে মনোনয়নপত্র দাখিল ও গৃহীত জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থী এবং তার সশস্ত্র রিটেইনারের ক্ষেত্রে বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত নির্দেশনা প্রযোজ্য হবে না।

৬। এই আদেশে "শৃঙ্খলা বাহিনী" বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত শৃঙ্খলা বাহিনীকে বুঝাবে।

১৯.০১.২০২৬
মোহাম্মদ আলম হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর
ফোন : ০২-৪৯২৭৩০৭০
ফ্যাক্স : ০২-৪৯২৭৩০২২
E-mail : dcgazipur@mopa.gov.bd

বিতরণ: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৫। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
০৭। পুলিশ সুপার, গাজীপুর
০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা

০৯। অধিনায়ক, ডিজিএফআই, রাজেন্দ্রপুর, গাজীপুর
১০। অধিনায়ক, ১৪ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি, বাংলাদেশ সেনাবাহিনী, গাজীপুর
১১। অধিনায়ক, বর্ডার গার্ড বাংলাদেশ, গাজীপুর ব্যাটালিয়ন (৬৩ বিজিবি), গাজীপুর
১২। অধিনায়ক, ৮ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন, গাজীপুর
১৩। কোম্পানী কমান্ডার, র‌্যাব-১, পোড়াবাড়ী ক্যাম্প, গাজীপুর
১৪। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর
১৫। যুগ্ম পরিচালক, এন.এস.আই., গাজীপুর
১৬। জেলা নির্বাচন অফিসার, গাজীপুর
১৭। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট, গাজীপুর (তাঁকে গণ বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করার অনুরোধসহ)
১৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর (তাঁকে গণ বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করার অনুরোধসহ)
১৯। প্রশাসক, শ্রীপুর/কালিয়াকৈর/কালীগঞ্জ পৌরসভা, গাজীপুর
২০। জেলা তথ্য অফিসার, গাজীপুর (তাঁকে গণ বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করার অনুরোধসহ)
২১। উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল), গাজীপুর
২২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গাজীপুর (তাঁকে গণ বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২৩। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, গাজীপুর
২৪। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
২৫। অফিস কপি।

১৭.০১.২০২৬
জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর